# হরমুজ প্রণালি নিয়ে ওমানের সঙ্গে আলোচনায় অগ্রগতি: ইরান




ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র বাঘাই। ছবি: সংগৃহীত

হরমুজ প্রণালিতে নৌচলাচল নিরাপদ ও স্বাভাবিক রাখতে ওমানের সঙ্গে আলোচনায় অগ্রগতি হয়েছে বলে জানিয়েছে ইরান।

রোববার (২৬ জুলাই) ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘাইয়ের বরাতে ইরান ইন্টারন্যাশনাল এক প্রতিবেদনে এ তথ্য জানায়।

ইসমাইল বাঘাই বলেন, হরমুজ প্রণালিতে নিরাপদ নৌচলাচল নিশ্চিত করার কৌশল নিয়ে ওমানের সঙ্গে আলোচনায় অগ্রগতি হয়েছে। তবে এই জলপথ দিয়ে জাহাজ চলাচলের বর্তমান পরিস্থিতিতে কোনো পরিবর্তন আসেনি।

তিনি জানান, শুক্রবার ও শনিবার তেহরানে ইরান ও ওমানের উপপররাষ্ট্রমন্ত্রীদের মধ্যে কয়েক দফা বৈঠক অনুষ্ঠিত হয়েছে। এসব আলোচনায় দুই দেশের সার্বভৌম অধিকারকে সম্মান জানিয়ে হরমুজ প্রণালিতে নিরাপদ নৌচলাচল ব্যবস্থাপনার জন্য অভিন্ন নীতি ও কার্যপ্রণালী নিয়ে মতবিনিময় করা হয়।

বাঘাই বলেন, আলোচনা ফলপ্রসূ হয়েছে এবং এতে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জিত হয়েছে। ওমানের প্রতিনিধিদল শনিবার বিকেলে তেহরান ত্যাগ করলেও দুই দেশের মধ্যে প্রযুক্তিগত ও রাজনৈতিক পর্যায়ে আলোচনা অব্যাহত থাকবে।

তিনি আরও বলেন, বর্তমানে হরমুজ প্রণালি দিয়ে নৌযান চলাচলের পরিস্থিতিতে কোনো পরিবর্তন হয়নি।

LENS ASIA